# দর্শক গবেষণা - ২০২০

## বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে "শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম" (৫ম পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় প্রচারিত অনুষ্ঠানের দর্শক জরিপ

# প্রতিবেদন

## ২০২০


team associates for Social Communication

ta.socialcom@gmail.com

**ভুমিকা :**

‘শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়)’ শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত এবং বাংলাদেশ টেলিভিশন থেকে প্রচারিত অনুষ্ঠানসমুহ দর্শকদের মাঝে কেমন এবং কি ধরণের প্রভাব ফেলছে তা নিরুপণের লক্ষ্যে জরিপ কাজ সম্পন্ন করা  জন্য টিম এসোসিয়েটসকে দায়িত্ব দেওয়া হয়। কভিড-১৯ মহামারী পরিস্থিতিতে এই জরিক কার্য সম্পাদন করা বেশ চ্যলেঞ্জিং  হলেও কাজটা সম্পাদন করা গেছে।

বাংলাদেশ টেলিভিশন বাংলাদেশের প্রত্যন্ত এলাকার মানুষের তথ্য প্রাপ্তি অন্যতম প্রধান মাধ্যম। একই ভাবে বিনোদনের জন্য মানুষ বিটিভির উপর নির্ভর করে। সেই সব প্রান্তিক দর্শকদের নিকট থেকে তথ্য সংগ্রহ করে এই রিপোর্ট তৈরীতে যারা সহায়তা করেছেন তাদের সকলের জন্য কৃতঞ্জতা রইল।  বিশেষ করে মাঠ পর্য়ায়ের ডাটা সংগ্রকারী অতনু করঞ্জাই,সারোয়ার জামিল,মাসুদ রানা, খায়রুজ্জামান খোকন, রফিকুল ইসলাম এর অবদান বলার অপেক্ষা রাখে না।

এই জরিপের ডাটা সংগ্রহ ও বিশ্লেষণ এবং রিপোর্ট লিখতে সহায়তা করেছেন মিনহাজুল আবেদিন, সুমি ইসলাম এবং তাজরিয়ান।

সর্বোপরি যার সহায়তা ও দিকনির্দেশনা না পেলে এই জরিপ কাজ সম্পাদন সফল  হতো না তিনি এস.এম নোমান হাসান খান, কন্ট্রোলার/ প্রোগ্রাম ম্যানেজার ও সহকারী প্রকল্প পরিচালক। তার জন্য শুভকামনা রইল।

## জরিপ কাজের পদ্ধতী সমূহ

এই করোনা মহামারীর মধ্যে বিটিভির দর্শকদের মতামত জরিপ করা একটা কঠিন চ্যালেঞ্জ ছিল। তার পরের আমার বিকল্প পদ্ধতি ব্যবহারের চেষ্টা করি। মাঠ পর্যায়ে আমাদের যে সকল কর্মী আছেন তাদের সাথে যোগাযেগ করি এবং স্কাইপে তাদের একটা প্রশিক্ষন প্রদান করি কি ভাবে টিভির দর্শকদের ইন্টারভিউ নেওয়া হবে। এই ভাবে ১৪ জেলার ১৪ জন মডারেটর ঠিক করি এ্ই মডারেটরগণ জরিপ কাজের দর্শক নির্ধারনের পদ্ধতি মোতাবেক তাদের পরিচিত জনদের সাথে ফোনে এবং কোন কোন ক্ষেত্রে জুম এ এবং স্কাইপে দর্শকদের সাক্ষাতকার গ্রহন করেন। তাদের এই সক্ষাতকারের ভিত্তিতে আমরা এই জরিপ কার্যসম্পাদন করি। যদি সেই দৃষ্টিতে বলি কোন পদ্ধতিতে এই জরিপ করা হয়েছে তা হলে বলতে হবে এইট ছিল ডিজিটাল পদ্ধতিতে আমরা এই জরিপ কাচ সম্পাদন করেছি।

## জরিপ পরিচালনার স্থান সমূহ

এই জরিপ পরিচালনা করার জন্য সকল বিভাগের জেলা সদর উপজেলাকে বাছ্াই করা হয়েছে। জেলাগুলি হলো: মাদারীপুর,ঠাকুরগাঁও,বান্দরবান,চাঁদপুর,সাতক্ষিরা,বরগুনা,মাগুরা,ভোলা,চাপাই নবাবগঝঞ্জ,মৌলভীবাজার,টাঙ্গাইল,জামালপুর, নেত্রকোনা, সিরাজগঞ্জ,রংপুর,হুড়িগ্রাম,বাগেরহাট এবং সুনামগঞ্জ জেলাকে নির্ধারন করা হয়েছে। উত্তরদাতা টিভি দর্শক বাছাইয়ের ক্ষেত্রে জেলা শহর এবং উপজেলা শহর থেকে বাছাই করা হয়েছে।

## জরিপ পরিচালনায় অংশগ্রহণকারী

জরিপ পরিচালনার জন্য আমরা সকল স্তরের টিভি দর্শকদের অংশগ্রহন নিশ্িপত করতে চেয়েছে। আমরা ২৮% কৃষক ৩৭% নারী ১০% ছাত্র/ ছাত্রী, ১৭% ব্যবসায়ী,৩% সরকারী চাকৃরী জীবি এবং ৬% বেসরকারী চাকৃরী জীবির সাথে কথা বলেছি। এখানে বেসরকারী চাকুরী জীবির মধ্যে শিক্ষক, এনজিও কর্মী এবং সিভিণ সোসাইটির দর্শক অর্ন্তভুক্ত।

আমাদের কাঙ্খাকিত স্যাম্পল ছিল ৯০০ জন। উত্তরদাতাদের বৈবাহিত অবস্থা বিবেচনায় দেখা যায় এর মধ্যে ২১% অবিবাহিত ৭৮ % বিবাহিত ছিলেন এছাড়া তালাক প্রাপ্ত নারী ছিল ১% এবং বিধাব নারী ছিল ৫% ।

এই দর্শকদের শিক্ষাগত ছিল ২% ছির অপ্রাতিষ্ঠানিক শিক্ষায় শিক্ষিত, প্রাথমিক পাশ করেছেন ৪০%, মাধ্যমিক পড়ছে বা পাশ করেছে ৩৬ % স্নাতক শ্রেনীতে পড়ছে এমন সংখ্যা ছিল ৮%, স্নাতকোত্তর ২%, মাদ্রাসায় পড়ে এমন ছাত্র ছিল ১০% এবং একবারে স্কুলে যায় নাই ৪% ।

উত্তরদাতাদের অর্থনৈতিক অবস্থা বিবেচনা করলে দেখা যায় ৪৪ % উত্তরদাতার আয় ৫০০১- ১০০০০ এর মধ্যে , ৫৪ % এর আয় ১০০০১ থেকে ২০০০০ এর মধ্যে আর ২০০০১-৩০০০০ এর মধ্যে আয় ছির ১% এর এবং .০২% ছিল ৩০০০১-৪০০০০ এর মধ্যে।

নিচে জেলা ভিত্তিক দর্শক সংখ্যা দেওয়া হলো :

| মাদারীপুর | বাগেরহাট | স্যাতক্ষিরা | মাগুরা | বরগুনা | ভোলা | সিরাজগঞ্জ | চাপাই | | রংপুর সদর | ঠাকুরগা | কুড়িগ্রাম | মৌলবিবাজার | সুনামগঞ্জ | টাঙ্গাইল | চাদপুর | বান্দরবন | জামালপুর | নেত্রেকানা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ |
| ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ |
| | ৯ | | | ৯ | | | ৯ | | | ৯ | | ৯ | | | ৯ | | ৯ | |

নারী

পুরুষ

শিশু

## এক নজরে দর্শক জরিপ

- বাংলাদেশে যাদের বাড়িতে টিভি আছে তার ৯৬% বাড়িতে ক্যবল সংযোগ রয়েছে।
- মোট টিভি দর্শকের ৮১% দর্শক নিয়মিত তার বাড়িতে বসে টিভি দেখেন
- টিভি দর্শকের ৫৩ % রাত ৮-১০ টা পর্যন্ত টিভি দেখতে পছন্দ করে। এবং ৫৯ % দুপুে ২-৪টা পর্যন্ত টিভি দেখতে পছন্দ করেন।
- টিভি দর্শকের অধিকাংশ দেশীয় টিভি চ্যানেল যেমন বিটিভি দেখে ৪৯%, এটিএন নিউজ ৪১ %, একাত্তর টিভি ৫৩% , এবং বিদেশী চ্যনেল দেখে থাকেন, স্টার জলসা ও জিবাংলা দেখে ৫৭ % জিওগ্রাফি- ১০ % এবং বিবিসি ও সিএনএন দেখে ৭ % উত্তরদাতা।
- টিভি দর্শকের ৮৮ % উত্তরদাতা দর্শক খবর দেখেন, ৪১ % টক শো দেখেন, ৬৬ % নাটক দেখেন, ৬৮ % সিনেমা দেখেন, এবং প্রায় ৭০ % দর্শক কোন না কোন সময়ে স্টার জলসা এবং জিবাংলার সিরিয়াল দেখেন
- জনগুরূত্বপূর্ণ বিষয় জনতে ৮১ % দর্শক বিটিভি উপর আস্থা রাখেন, এ ছাড়া ৬০% দর্শক গুরুত্বপূর্ণ বিষয়ের জন্য একাত্তর টিভি এবং চ্যানের আই দেখে থাকেন
- বিটিভি থেকে প্রচারিত শিশু ও নারী উন্নয়ন বিষয়ক অনুষ্ঠান দেখেন ৬৩% দর্শক
- উত্তরদাতাদের মধ্যে ৬৩ % শিশু স্বাস্থ্য, ২৩ % নারীর স্বাস্থ্য, ২৪ % কিশোরকিশোরীর স্বাস্থ্য, ৩৯% পুষ্টি, শিশু বিবাহ বিষয়ক ২৯% নারীর ক্ষমতায়ন বিষয় দেখে ১১ % , শিক্ষা বিষয়ক অনুষ্টান দেখে ১৪% এবং সুরক্ষা বিশেষ কওে শিশু সুরক্ষা বিষয়ক অনুঠান দেখেন ২৮% উত্তরদাতা।
- দর্শকদের মধ্যে ৭৮ % সন্তান নেওয়ার সঠিক সময় বলতে পারে। এবং একইসাথে প্রথম সন্তান জন্ম দেওয়ার বয়স সঠিক বলতে পারে ৮৪% দর্শক এবং দুই সন্তানের মধ্যে সময়ের পার্থক্য বলতে পারে ৭৪% দর্শক।
- গর্ভধারণের আগে নারীর সুস্থ্যতা ও তার সঠিক পরিচর্যা সম্পর্কে জানেন ৬০ % দর্শক
- গর্ভধারনকালীন সময়ে কমপক্ষে চারবার স্বাস্থ্য পরীক্ষা করানো উচিত বলে মনে করেন ৭৭% দর্শক
- গর্ভকালীন সময়ে সরকারী হাসপাতাল / উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ সেবা গ্রহনের বিষয় জানেন ৮২ % দর্শক এবং প্রায় ৬% দর্শক বলেছেন কমিউনিটি ক্লিনিকে এ সম্পকৃত সেবা পাওয়া যায়।
- গর্ভকালীণ সময়ে ৮১ % বলেছেন খিচুনি হতে পারে,৫৮ % বলেছে পাণি ভেঙ্গে যেতে পারে,৫৯ % দর্শক বলেছেন অতিরিক্ত রক্ত ক্ষরণ হতে পারে।
- আইনগতভাবে ছেলেদের বিয়ের বয়স কমপক্ষে ২১ এবং মেয়েদের বিয়ের বয়স কমপক্ষে ১৮ হতে হবে শতভাগ দর্শক বলতে পেরেছে।
- শিশুর বিকাশের ক্ষেত্রে উত্তর দাতাদের ৭০% জানেন ৬ মাস বয়স থেকে শিশুদের পরিপূরক খাবার দিতে হয় এবং শিশু বিকাশের গুরুত্বপূর্ণ বিষয় সঠিক পুষ্ঠি এ বিষয়টি জানেন ৯০% উত্তর দাতা।
- জন্মেও এক ঘন্টার মধ্যে নবজাতককে শাল দুধ খাওয়াতে হয় এ বিষয়টি ৯৭% উত্তর দাতা বলতে পেরেছেন এবং একই সাথে ৫২% উত্তর দাতা জানেন দুই বছর পর্যন্ত শিশুকে মায়ের দুধ খাওয়ানো উচিত।
- পুষ্টির অভাবে শিশুরা রাতকানা রোগে এবং বৃদ্ধিহীনতায় ভোগে বলতে পেরেছেন ৮৯% উত্তর দাতা।

- শিশুর শারীরিক ও মানসিক বিকাশের লক্ষে রক্ত স্বল্পতা দুর করতে আয়ডিন, আয়রন, ফলিক এসিড এবং ভিটামিনের দরকার সে বিষয়ে সঠিক উত্তর দিয়েছেন ৮৯% বক্তির দাতা।
- ৬০ % উত্তর দাতা বলেছেন শিশুকে তার জন্মের পর থেকে পাঁচবার টিকা দিতে হয়। এ বিষয়টি সম্পর্কে সঠিক বলেছেন
- ৮৬% উত্তর দাতা শিশুদের নিউমোনিয়ার লক্ষন গুলো বলতে পেরেছেন নিউমোনিয়া হলে ৫৮% উত্তর দাতা বলেছেন তাদের কে সরকারী হাসপাতালে নিতে হবে।
- ৯৭% উত্তর দাতা খাবার আগে, শিশুকে খাওয়ানোর পূর্বে, খাবার তৈরী ও পরিবেশনার আগে এবং পায়খানা থেকে আসার পরে সাবান ও পানি দিয়ে ভাল করে হাত ধুতে হবে্
- ৮৭% উত্তর দাতা বলেছেন দূর্যগোর কারনে বেশীরভাগ শিশু অপুষ্টির শিকার হতে পারে এবং ৯৬% উত্তর দাতা বলেছেন দূর্যগোর সর্তক বার্তা আগাম প্রচার করা উচিত ।

## ২. টেলিভিশন মূল্যায়ন সম্পর্কিত

শুধুমাত্র যেসকল দর্শকের টিভি আছে তাদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। উত্তরদাতাদের ৯৬% বর্তমানে ক্যাবলটিভি ব্যবহার করছের এবং ৪% ডিস টিভি দেখে থাকেন। এখানে উল্লেখ্য যে বান্দরবান ও রাঙামাটির কিছু এলাকায় দর্শক এখনো ডিস টিভি দেখে থাকেন। উত্তর দাতাদের ৮১% প্রতিদিন টিভি দেখে থাকেন আর ১৬% বলেছেন তারা কয়েক দিন পর পর টিভি দেখেন এবং ৬% মাঝে মধ্যে টিভি দেখেন। ৮১% উত্তর দাতা নিজ বাড়িতে এবং ১৫% হোটেল বা দেকানে এবং ৪ % ক্লাবে বসে টিভি দেখেন। দিনের বেশীরভাগ সময় টিভি দেখেন মাত্র ৬% উত্তর দাতা কিন্তু সারা দিনের মধ্যে মাছে মাছে টিভি দেখেন ৯৪% উত্তরদাতা। উত্তরদাতাদেও ১% মাত্র সকাল ৬টা থেকে ৮টার মধ্যে টিভি দেখেন, সকাল ৮ টা থেকে ১০টার মধ্যে টিভি দেখেন ১.৫% তবে উত্তর দাতাদের ৩৯% দুপুর ২টা থেকে ৪ টা এবং ৪টা থেকে ৬ টা পর্যন্ত টিভি দেখেন। এই উত্তর দাতাদের মধ্যে নারী ,কৃষকরা রয়েছেন এবং ছাত্র/ ছাত্রীরা রয়েছে।রাত ৮টা থেকে ১০টা পর্যন্ত সর্বাধিক ৫৩% উত্তর দাতা টিভি দেখেন এবং ৮% রাত্র ১০টা থেকে ১২টা পর্যন্ত টিভি দেখে থাকেন।

উত্তর দাতাদের মধ্যে ৪৯% বিটিভি, ৪১% এটিএন নিউজ, ৫৩% একাত্তর টিভি ৩৩% নিউজ ২৪, ৩৩% চ্যানেল আই দেখেন। তবে একজন উত্তর দাতা একাধিক চ্যানেল দেখে থাকেন। পাশাপাশি ৫৭% দর্শক ভারতীয় স্টার জলসা এবং জিবাংলা দেখেনভারতীয় চ্যানেল দেখার দর্শক প্রায় সব বয়সের নারী পুরূষ রয়েছেন এ ছাড়া ১০% জিওগ্রাফি এবং ৭% সিএনএন এবং বিবিসি দেখেন। উত্তর দাতাদের ৮৮% খবর দেখেন, ৪১% টকশো দেখেন, ৬৬% নাটক দেখেন,৬৮% সিনেমা দেখেন এবং জিবাংলা /স্টার জলসার দেখেন ৭০%। এখানে একই দর্শক এক সাথে বিভিন্ন চ্যনের দেখে থাকেন ।
উত্তরদাতাদেও ৮১% গুরুত্বপূর্ণ তথ্যে জন্য বিটিভি এর উপর নির্ভর করেন এবং রাষ্ট্রিয় কোন ঘেষনা বা তথ্যের জন্য দিনে কমপক্ষে একবার বিটিভি দেখে থাকেন। এ ছাড়া একই বিষয়ে আরো বিস্তারিত জানতে একাত্তর টিভি দেখে থাকেন ৬০% চ্যনেল আই দেখেন ৬০% বিবিসি এবং সিএনএন দেখেন ৩% উত্তরদাতা। উল্লেখ্য চলমান করোনার কারনে দুপুরে বিটিভি দেখেন প্রায় সকলে।

### প্রোগ্রাম মূল্যায়ন

বিটিভিতে প্রচারিত শিশু ও নারী উন্নয়ন বিষয়ক অনুষ্টান দেখেন ৬৩ % উত্তরদাতা এবং ৩১ % উত্তরদাতা নিয়মিত দেখেন না। এখানে ৭% উত্তরদাতা কোন উত্তর দেন নাই। শিমু ও নারী উন্নয়ন বিষয়ক অনুষ্ঠানের মধ্যে ৬৩% শিমু স্বাস্থ্য,২৩% নারীর স্বাস্থ্য, ২৪% কিশোর কিশোরীদেও স্বাস্থ্য,৩৯% পুষ্ঠি বিষয়ক,২৯% শিশু বিবাহ বিষয়ক, ১১% নারীর ক্ষমতায়ন, ১৪% শিক্ষা বিষয়ক এবং ২৮% সুরক্ষা অর্থাৎ শিশু সুরক্ষা বিষয়ক অনুষ্টান দেখেছেন।

## ৩.৩.সন্তান নেওয়ার সঠিক সময়

সর্বাধিক উত্তরদাতা ৭৮% বলেছেন ১৮-৩৫ বছর বয়স গর্ভ ধারনের সঠিক সময় এ ছাড়া ১২% উত্তরদাতা বলেছেন ১৫ থেকে ১৭ বছর বয়সের মধ্যের সন্তান জন্ম দেওয়া যেতে পারে। তবে ১০% উত্তরদাতা এ বিষয়ে কোন উত্তর দেন নাই। ৮৪% উত্তরদাতা বলেছেন প্রথম সন্তানের জন্শ ১৮ বছরের পরেই পওয়া উচিত। ৫% উত্তরদাতা বলেছেন ১৮ বছর বয়সের আগে এবং ১০% বলেছেন ১৮ বছর বয়সে প্রথম সন্তান জন্ম দেওয়া যায়। ৭৪% উত্তরদাতা বলেছেন এক সন্তান থেকে দ্বিতীয় সন্তান নেবার জন্য কমপক্ষে ২ বছর ব্যবধান থাকা উচিত। ৮% বলেছেন এই পার্থক্য ১ বছর হতে পারে। এবং ১৭% উত্তরদাতা কোন উত্তর দেন নাই।

গর্ভধারণের আগে নারীর সুস্থ্যতা ও তার সঠিক পরিচর্যা সম্পর্কে উত্তরদাতাদের ৬০% বলেছেন তারা এ বিষয়টি জানেন এবং ২৬% বলেছেন তারা মোটামুটি জানেন এবং ১৩% বলেছেন তারা জানেন কিন্তু মানা হয় না আর ১% দর্শক বলেছেন তারা বিষয়টি জানেন না। উত্তরদাতাদের ১৪% বলেছেন গর্ভকালীন সময়ে ২-৩ বার স্বাস্থ্য পরীক্ষা করা উচিত, ৭৭% বলেছেন কমপক্ষে ৪ বার পরীক্ষা করা উচিত আর ১০% বলেছেন তারা এ বিষয়টি জানেন না। উত্তর দাতাদের ৮২% জানেন গর্ভকালীন সময়ে স্বাস্থ্যসেবা সরকারী হাসপাতাল বা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ দেওয়া হয় এবং ১২% বলেন স্বাস্থ্যসেবা কমিউনিটি ক্লিনিকে দেওয়া হয়ে থাকে। এবং ৫% এনজিও ক্লিনিকের কথা বলেছেন। এখানে উল্লেখ্য যে উত্তরদাতাদের অধিকাংশ উপজেলা ও জেলা সদরের হওয়ার কারনে কমিউনিটি ক্লিনিক বিষয়ে তাদের ধারনা কম। গর্ভকালীন সময়ের জটিলতা বিষয়ে ৮২% উত্তরদাতা বলেছেন খিচুনী হয়, ৫৮% বলেছেন পানিভেঙ্গে যায়, ৫৯% বলেছেন প্রচুর রক্তপাত হয়। এক দুইজন বলেছেন তারা শুনেছেন ঞর্ভপাতও ঘটে থাকে তবে তারা নিশ্চিত না বলে এখানে এটা উল্লেখ করা হলো না।

উত্তর দাতাদের সকলেই জানেন যে আইনগতভাবে একটি ছেলের বিয়ের বয়স ২১ এবং একটি মেয়ের বিয়ের বয়স ১৮ নির্ধারন করা আছে। এবং সকলে বিশ্বাস করেন নিয়ম অনুসারে ছেলে মেয়েদের বিয়ে হওয়া উচিত।

## ৩.৪ শিশুর বিকাশ ও প্রারম্ভিক শিক্ষা

উত্তরদাতাদের ৭০% জানেন যে শিশুর বয়স ৬ মাস পূর্ণহলে তাকে পরিপূরক খাবার দিতে হয় তবে ২৫% উত্তরদাতা বলেছেন ৫ মাস পর্ণ হলে অর্থাৎ ছয়মান চলমান কাল থেকে পরিপূরক খাবার দিতে হয়। আর ৩% বলেছেন এক বছর পার হলে পরিপূরক খাবার দিতে হয় তবে ৫% কোন উত্তর দেন নাই। ৫৯% উত্তর দাতা মনে করেন ৪-৫ বছর বয়স পর্যন্ত শিশুর মস্তিষ্কের বিকাশ ঘটে এবং শিশুর এই বিকাশের জন্য ৯০% উত্তরদাতা বলেছেন শিশুর সঠিক পুষ্টি, ৭৭% শিশুর প্রতি মনোযোগ ও উদিবদপনা এবং ৭৫% বলেন স্নেহ খুবই গুরুত্বপূর্ণ । এই বিকাশের সময় ৭২% উত্তর দাতা মনে করেন শিশুরা তাদের মা-বাবাকে বেশী অনুকরন করে পাশাপাশি ১৩% বলেছেন তারা নিকট অত্মিয়দের এবং ১১% বলেছেন পরিচর্যাকারীদের অনুকরন করে থাকে।

## ৩.৫ মায়ের দুধ খাওয়ানো

৯৭% উত্তরদাতা জানেন যে শিশু জন্মের এক ঘন্টার মধ্যে তাকে শাল দুধ দিতে হয় এবং ৫২% উত্তরদাতা বলেছেন ছয়মাস বয়স পর্যন্ত শিশু শুধু মাত্র মায়ের দুধ পান করবে। পাশপাশি ৩০% উত্তরদাতা মনে করেন দুই বছর পর্যন্ত শিমু তার মায়ের দুধ পান করতে পারে। ৮৬% উত্তর দাতা  শিশুর শরীরে পুষ্টি, শক্তি ও রোগপ্রতিরোধ ক্ষমতা তৈরির, শিশুর মাসষিক এবং শারীরিক বৃদ্ধিও  জন্য মায়ের দুধ  শিশুর জন্য খুবই গুরুত্বপূর্ণ। ৮৬% উত্তর দাতা জানান মায়ের দুধ শিশুকে  ডায়রিয়া, কান ও বুকের সংক্রমণ থেকে রক্ষা করে।

এায়ের দুধ কতঘন্টা সয়রক্ষণ করা যায় এ বিষয়ে উত্তর দাতারা মিশ্র উত্তর দিয়েছেন। ৯% বলেছেন মায়ের দুধ ২/৩ ঘন্টা সংরক্ষন করা যায়. ১৫% বলেছেন জ্জ ঘন্টা, ৩৪% বলেছেন ৫/৬ ঘন্টা ৩৭% বলেছেন ৭/৮ ঘন্টা সংরক্ষন করা যায়।

## ৩.৬ পুষ্টি ও বৃদ্ধি

শিশুর কত বছর বয়স পর্যন্ত নিয়মিত ওজন নেওয়া উচিত এ প্রশ্নের উত্তরে উত্তরদাতারা মিশ্র উত্তর দিয়েছেন। ৪০% উত্তর দাতা বলেছেন ৬ মাস পর্যন্ত নিয়মিত ওজন নেওয়া উচিত, ৩২% বলেছেন ১ বছর পর্যন্ত,২৩% বলেছেন ৩ বছর পর্যন্ত শিশুর ওজন নেওয়া উচিত।  ৭০% উত্তর দাতা বলেছেন শিশুদের অপুষ্টির  মূল কারন হলো দারিদ্রতা এছাড়া ৩৬% মনে করেন প্রচলিত খাদ্যাভাষ এবং ৭% মনে করেন শিশরা বার বার অসুস্থ হওয়াও অপুষ্টির কারন।

উত্তর দাতাদের মতে নিচের খাদ্যগুলি শিশুদের জন্য পুষ্টিকর খাবার ১. শাক সবজি, ডিম,সেদ্ধ ভাত চটকানো, কলা চটকানো, মুগডালের সেদ্ধ করে পেষ্ট, আপেল সিদ্ধ করন পেস্ট কও,, কুমড়ো পেস্ট, গাজর বিট স্যুপ

অপুষ্টি জনিত কারনে  শিশুরা রাতকানা, বুদ্ধিহীন এবং রক্ত স্বপ্লতায় ভোগে  বলে মনে করেন ৮৯% উত্তর দাতা, এবং উত্তর দাতাদেও মধ্যে ৪৮% মনে করেন পুষ্টিগীনতার কারনে গলগন্ড রোগ হয়ে থাকে। রোগ প্রতিরোধ, দৃষ্টিশক্তি রক্ষা ও মৃত্যু ঝুঁকি কমাতে ৮৯% উত্তর দাতা বলেছেন  শিশুর জন্য ভিটামিন-এ দরকার, ভিটামিন বি দরকার বলেছেন ৪৮%, ২৮% বলেছেন  ভিটামিন ডি দরকার । শিশুর মস্তিষ্কের সুষ্ঠু গঠনে গর্ভবতী মহিলা ও অল্প বয়সী শিশুর খাবারে  আয়োডিন, আয়রন, ফলিক এসিড আর ভিটামিন  দরকার বলে ৮৯% উত্তর দাতা মনে করেন। একই ভাবে শিশুর শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে রক্তস্বল্পতা ঠেকাতে   আয়োডিন, আয়রন, ফলিক এসিড আর ভিটামিন  দরকার বলে ৮৯% উত্তর দাতা মনে করেন।

## ৩.৭ টিকাদান

উত্তর দাতাদের ৬০% মনে করেন শিশুকে সবগুলো টিকা দিতে কমপক্ষে ৫ বার টিকা কেন্দ্রে নিয়ে যেতে হবে । ৬০% উত্তর দাতা বলেছেন মেয়েদের ১৫-৪৯ বছর বয়সের সকল মেয়েদেও টিটি টিকা দিতে হবে।  টিটি টিকা ধনুষ্টংকার, হাম এবং নিউমোনিয়া য়েকে রক্ষা করে বলে বলেছেন ৮৬ % উত্তর দাতা এবং ৭৫% উত্তর দাতা বলেছেন যক্ষা থেকেও রক্ষা করে। ৫৪% উত্তর দাতা বলেছেন যে তারা জানেন যে ৫ ডোজ টিটি টিকা নিতে হয়।

শিশুদের হামের টিকা ৯ মাস পূর্ণ হবার পরে দিতে হয় বলে জানিয়েছেন ৪০% উত্তর দাতা, ২৮ % বলেছেন ১০ মাসের পর আর ২৫% বলেছেন ৮ মাস পার হলে হামের টিকা দিতে হয়।

## ৩.৮ সর্দি-কাশি, ঠান্ডা এবং অন্যান্য গুরুতর অসুখ

৮৮% উত্তর দাতা জানেন যে শিশু খেতে বা পান করতে পারে না, দ্রুত শ্বাস-প্রশ্বাস, বুকের নিচের অংশ ডেবে যাওয়া এবং প্রবল জ্বর থাকলে বুঝতে হবে শিশু নিউমোনিয়াতে আক্রান্ত। নিউমোনিয়াতে আক্রান্ত হলে শিশুকে অবিলম্বে সরকারি হাসপাতালে নিতে হবে মনে করেন ৫৮% উত্তর দাতা, ১১% কমিউনিটি ক্লিনিকে ,১১% প্রাইভেট ক্লিনিক নিতে হবে বলে মনে করেন। এ ছাড়া ৩% উত্তর দাতা মনে করেন শিশুকে কবিরাজের কাছে নিয়ে যেতে হবে, ১০% এ্যালোপ্যাথির ঔষধের দোকান থেকে ঔষদ আনলেই চলবে এবং ৬% মনে করেন হোমিওপ্যাথি ঔষধ দিতে হবে।

### ৩.৯ পরিষ্কার পরিচ্ছন্নতা

**৯৭% উত্তর দাতা বলেছেন** খাওয়ার পূর্বে, শিশুকে খাওয়ানোর পূর্বে, খাবার তৈরি ও পরিবেশনের আগে, পায়খানা থেকে ফিরে অবশ্যই সাবান ও পানি দিয়ে কম পক্ষে ২০ সেকেন্ড ধরে ভাল ভাবে হাত ধুতে হবে।

### ৩.১১ দুর্যোগ ও জরুরী পরিস্থিতি

৮৭% উত্তর দাতা বলেছেন দূর্যগোর কারনে বেশীরভাগ শিশু অপুষ্টির শিকার হতে পারে এবং ৯৬% উত্তর দাতা বলেছেন দূর্যগোর সর্তক বার্তা আগাম প্রচার করা উচিত ।

## ৪। নারী ও শিশু উন্নয়ণ প্রোগ্রাম মূল্যায়ন

**৪.১ নারী ও শিশুদের উন্নয়ের সাথে টেলিভিশন প্রোগ্রাম সম্পর্কে দর্শকদের মতামত সমূহ সামারি করে নিচে তুলে ধরা হলো।**

- নারী ও শিশুদের উন্নয়নের জন্য যে নাটিকা গুলি প্রচার করা হয় তা খুব মান সম্পন্ন নয়।
- নারী ও শিশুদের উন্নয়নের জন্য টেলিভিশনে অন্যান্য নাটকের মতো হলে মানুষ আগ্রহ নিয়ে দেখবে।
- প্রচারনা গুলি কার্টুনের মাধ্যমে প্রচার করলে দেখার আগ্রহ জন্মাবে।
- মঝে মাঝে দু একটি প্রোগ্রাম দেখে মনে হয় দায়সারা গোছের অনুষ্ঠান হচ্ছে। তখন আর দেখতে ইচ্ছে হয় না।
- বিটিভি দুপুর বেলাতে এই অনুষ্ঠান দেখায় তখন অনেকে কাজে বাইরে থাকে , নারীরা অধিকাংশ রান্নার কাজে ব্যস্ত খাকে ফলে এই দুপুর বেলাতে অনুষ্টানটি দেখা হয়ে উঠে না।

**৪.২ নারী ও শিশুদের উন্নয়ন সম্পর্কিত টিভি প্রোগ্রামগুলো দেখার জন্য আপনার পছন্দের সময় কখন হতে পারে বলে আপনি মনে করেন?**

- এই অনুষ্টানের গুরুত্ব বিবেচনা করে দুপুর তিনটা থেকে পাঁচটা এই সময়ের মধ্যে প্রচার করলে নারীরা দেখতে পারবে। এবং একই সাথে গ্রামের কৃষকরাও দেখতে পারবে।
- রাত আটটার সংবাদের আগে বা পরে প্রচার করলে বেশী গুরুত্ব পাবে বলে মনে হয়।

**৪.৩ আপনার উপযোগি তথ্য বা এ সম্পর্কিত জ্ঞান বা ধারণা আপনি কোথা থেকে পেয়েছেন? (একাধিক উত্তর হতে পারে)**

| টেলিভিশন | রেডিও | খবরের কাগজ | কর্মশালা/সেমিনার/সভা/উঠান বৈঠক | এনজিও স্বাস্থ্যকর্মী | চলচ্চিত্র | যাত্রা/নাটক/লোকগান | জানি না |
|---|---|---|---|---|---|---|---|
| ৬৬০ | ৩৪০ | ২৭৮ | ৮৭ | ৩৪২ | ২৭৮ | ৪২১ | ০ |
| ৭৩% | ৩৮% | ৩১% | ১০% | ৩৮% | ৩১% | ৪৭% | |

**৪.৫ টেলিভিশন দেখে সচেতনতামূলক জ্ঞান অর্জন করা যায় কিনা?**

| হ্যাঁ | না | জানি না |
|---|---|---|
| ৭৯২ | ৬৫ | ৪৩ |
| ৮৮% | ৭% | ৫% |

**৪.৯ সচেতনতামূলক অনুষ্ঠানের অভিজ্ঞতা কিভাবে কাজে লাগিয়েছেন? :**

- আমার পরিবারের সকলে এখন নিয়ম মতো সাবান পানি দিয়ে হাত ধোয়
- আমার দুই বাচ্চার সকলকে সময় মতো টিকা দিয়েছি এবং জন্মের এক ঘন্টার মধ্যে বুকের দুধ খাওয়ানো হয়েছে।
- আমার বউ এর বাচ্চা হবার আগে  তিন বার এবং পরে এক বার স্বাস্থ্য কেন্দ্র চেক আপ করানো হয়েছে। স্বাস্থ্য আপারা নিয়মিত ফেনে খোঁজ খবর রাখতো।
- আমি আমার শিশুকে স্বাস্থ্য আপার পরামর্শ মতো ছয়মাস শুধু মায়ের দুধ খাওয়ানো হয়েছে। এখন তার বয়স ৩ বছর বেশ ভাল আছে আর টিকা চলছে।

**৪.১০ বিটিভি থেকে প্রচারিত অনুষ্ঠানের কি কি সীমাবদ্ধতা আছে বলে আপনি মনে করেন?**

- **প্রচার সময়টাতে কর্মজীবিগণ দর্শক কাজে থাকেন।**
-

**৪.১১ টিভি অনুষ্ঠানকে আরও জনপ্রিয় করার ক্ষেত্রে আপনার পরামর্শসমূহ কি?:**

- **মহিলাদের যঞন কাজ থাকে না তখন প্রচার করা। অর্থাৎ সকাল ১১ টা থেকে ২টা বা ৪টা থেকে ৬টা**
- **স্টার অভিনেতাদের সংযুক্ত করা**